**Bangladesh Madrasah Education Board, Dhaka**
**বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা**
website: **www.bmeb.gov.bd**, E-mail: **info@bmeb.gov.bd**, Fax: **58616681, 58617908**

৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-৫১৬ তারিখঃ ১৭/০৬/২০২৫ খ্রি: ।

করোনা ভাইরাস এবং ডেঙ্গু রোগের সংক্রমন হারের উর্ধ্বগতি বিবেচনায় ২০২৫ সালের
আসন্ন আলিম পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ সম্পর্কিত

# জরুরি বিজ্ঞপ্ত

বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত এতদসংগে সংযুক্ত নং আশিবো/প্রশা:/২০১০/৫১, তারিখ: ১৬/০৬/২০২৫ স্মারক পত্রের নির্দেশনা ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আসন্ন ২০২৫ সালের আলিম পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৭.৬.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
ফোনঃ ০২-৯৬১২৮৫৮।
ই-মেইল- registrar@bmeb.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ:

১. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)
আলিম পরীক্ষা কেন্দ্র-২০২৫, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২. অধ্যক্ষ (সকল)
আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসা।

৩. কেন্দ্র পরিচালনা কমিটি
আলিম মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি
আলিম পরীক্ষা-২০২৫।

৪. অফিস নথি।

# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

অফিস : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং- আশিবো/প্রশা:/২০১০/৫১ তারিখ: ১৬/০৬/২০২৫ খ্রি.

বিষয়: **করোনা ভাইরাস এবং ডেঙ্গু রোগের সংক্রমণ হারের উর্ধ্বগতি বিবেচনায় পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সারাদেশে করোনা ভাইরাস এবং ডেঙ্গু রোগের সংক্রমণ হারের উর্ধ্বগতি বিবেচনায় পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত নির্দেশনা মেনে চলতে হবে:

- কেন্দ্রে প্রবেশের সময় পরীক্ষার্থীসহ পরীক্ষাসংশ্লিষ্ট সকলের মাস্ক পরিধান বাধ্যতামূলক।
- পরীক্ষা কেন্দ্রের প্রবেশ পথে হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে।
- ডেঙ্গু বিস্তার রোধে কেন্দ্রের অভ্যন্তরে এবং আশেপাশে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- পরীক্ষা শুরুর পূর্বে কেন্দ্রের অভ্যন্তরে মশক নিধন ঔষধ স্প্রে করতে হবে। এ বিষয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতা গ্রহণ করতে হবে।
- পরীক্ষা কক্ষের আসন বিন্যাস বোর্ডের নির্দেশনা অনুযায়ী পরিপালন করতে হবে।
- প্রতিটি পরীক্ষা কেন্দ্রের মেডিকেল টিমকে সক্রিয় রাখতে হবে। এ বিষয়ে সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।
- জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ এবং পরীক্ষা কেন্দ্রের সামনে অভিভাবকদের জটলা নিরুৎসাহিত করার প্রচারণা চালাতে হবে।

এমতাবস্থায় শিক্ষক-পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২৫ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

16.6.2025

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ও
সভাপতি
বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ফোন : ০২-৯৬১৫২৩৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা
সকল বোর্ডের এইচএসসি ও সমমান পরীক্ষা ২০২৫-এর কেন্দ্রসমূহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ/মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড
৩. জেলা প্রশাসক, সকল জেলা
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
৬. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
৭. অফিস কপি।